কার বায়োপিকে সোনাক্ষী?

‘কলঙ্কের’ ধাক্কা সামলে আবার কাজে ফিরছেন বলিউড সুন্দরী সোনাক্ষী সিনহা। বেশ কয়েকদিন ধরেই শোনা যাচ্ছে প্যারা- অলিম্পিকে রুপো বিজয়ী দীপা মালিকের বায়োপিকে কাজ করতে যাচ্ছেন সোনাক্ষী।

জানা গেছে, এই বায়োপিকে কাজ করার বিষয়ে এখনও কোন সিদ্ধান্ত নেন নি তিনি।

ডেকান ক্রনিকেল জানায়, ভারতের হয়ে প্যারা-অলিম্পিকে প্রথম নারী হিসেবে রুপো এনে দেন দীপা মালিক। ২০১২ সালে অর্জুন পুরস্কারের পাশাপাশি ২০১৭ সালে তিনি পদ্মশ্রী পুরস্কার পেয়েছেন তিনি। আর দীপা মালিকের কর্মময় জীবন বড় পর্দায় তুলে ধরতেই এই বায়োপিক। দীপা মালিকের চরিত্রে কাজ করার জন্য সোনাক্ষীকে নাকি প্রস্তাব দেওয়া হয়েছে। তবে এসবই জল্পনা বলে উড়িয়ে দেন ‘দাবাং’ খ্যাত এই অভিনেত্রী।

দীপা মালিকের বায়োপিক নিয়ে অভিনেত্রী জানান, সবই জল্পনা। আমি এমন কোনও ছবি করছি না।

তিনি বলেন, আমি এমন ধরনের মানুষ নই যে কোনও ছবির প্রস্তাব না পেয়ে আগেই সেই বিষয় নিয়ে আলোচনা করব। অনেকেই এই বিষয় নিয়ে অনেক কিছু বলছেন এবং তারা বলতেই পারেন। কিন্তু যখন আমি এই বিষয়ে কোনও ঘোষণা করব তখন তারা জানতে পারবেন। তবে কোনও বায়োপিকের প্রস্তাব আসেননি বলে জানান সোনাক্ষী।

বায়োপিকের বিষয় নিয়ে অভিনেত্রী আরও বলেন, যদি কখনও এই ধরনের ছবির প্রস্তাব আসে তাহলে নিশ্চয়ই করব। ভালো কাহিনীর অপেক্ষায় রয়েছি। যেখানে চ্যালেঞ্জিং কিছু করার থাকবে এবং আমার জন্য সম্পূর্ণ আলাদা ধরনের চরিত্র থাকবে।

২০১০ সালে ‘দাবাং’ ছবির মাধ্যমেই বলিউডে অভিষিক্ত হয় সোনাক্ষীর। পাশাপাশি ‘মিশন মঙ্গল’-ও দেখা যাবে এ অভিনেত্রীকে। আর সামনে ‘মিশন মঙ্গল’ ও ‘দাবাং থ্রি’ নিয়ে ব্যস্ত সময় পার করছেন সোনাক্ষী।